

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯২২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯২৩]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৩০: আল্লাহ তা'আলার বাণী: “যখন কুরআন পাঠ করা হয় তখন তোমরা মনোযোগ সহকারে তা শুনবে এবং চুপ থাকবে। আশা করা যায় এতে তোমরা রহমতপ্রাপ্ত হবে”- (সূরাহ আল আ'রাফ ৭:২০৪)-এর ব্যাখ্যা

تَأْوِيلُ قَوْلِهِ عَزَّ وَجَلَّ وَإِذَا قُرِئَ الْقُرْآنُ فَاسْتَمِعُوا لَهُ وَأَنْصِتُوا لَعَلَّكُمْ تُرْحَمُونَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَعْدٍ الْأَنْصَارِيُّ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَجْلَانَ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّمَا الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا قَرَأَ فَأَنْصِتُوا قَالَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ: كَانَ الْمُخَرَّمِيُّ يَقُولُ هُوَ ثِقَّةٌ يَعْنِي مُحَمَّدَ بْنَ سَعْدٍ الْأَنْصَارِيَّ.

تخریج دارالدعوه: انظر ما قبله (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 923 - حسن صحيح

বাংলা

৯২২. মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনুল মুবারক (রহ.) আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ইমাম তো এজন্যে নিয়োগ করা হয়েছে যে, তাঁর অনুসরণ করা হবে। অতএব, যখন ইমাম তাকবীর বলে তখন তোমরাও তাকবীর বল। আর যখন ইমাম কুরআন পাঠ করে তখন তোমরা চুপ থাক। আবু আবদুর রহমান বলেন, মুখররিমী বলতেন, তিনি অর্থাৎ মুহাম্মাদ ইবনু সা'দ আনসারী নির্ভরযোগ্য বর্ণনাকারী।

English

30. The Interpretation Of The Saying Of Allah, The Mighty And Sublime: So, When The Qur'an Is Recited, Listen To It, And Be Silent That You May Receive Mercy

It was narrated that Abu Hurairah said: The Messenger of Allah (ﷺ) said: 'The Imam is appointed to be followed, so when he says the takbir, say the takbir, and when he recites, be silent.'

ফুটনোট

সহীহ: আবু দাউদ ৬০৪, ইবনু মাজাহ ৮৪৬, ইরওয়াউল গালীল ৩৪৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87296>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন